ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৪৪
আগরতলা,২৫ জানুয়ারি,২০২৫

## জাতীয় পর্যটন দিবস-২০২৫

## বিশ্বের দরবারে রাজ্যের পর্যটন কেন্দ্রগুলিকে তুলে ধরতে সরকার বহুমুখী পদক্ষেপ নিয়েছে ঃ পর্যটনমন্ত্রী




বিশ্বের দরবারে রাজ্যের পর্যটন কেন্দ্রগুলিকে তুলে ধরতে রাজ্য সরকার বহুমুখী পদক্ষেপ নিয়েছে। কেন্দ্রীয় সরকার ও এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের সহযোগিতায় রাজ্যের পর্যটন কেন্দ্রগুলির পরিকাঠামো উন্নয়নে উদ্যোগ নেওয়া হয়েছে। পর্যটন শিল্পের বিকাশে ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলীকে রাজ্য পর্যটনের ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে নিয়োগ করা হয়েছে। আজ গীতাঞ্জলি ট্যুরিজম গেস্ট হাউস প্রাঙ্গণে জাতীয় পর্যটন দিবস-২০২৫ উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। পর্যটন দপ্তরের উদ্যোগে এবং দ্য ইন্ডিয়ান বিল্ডিং কংগ্রেসের ত্রিপুরা শাখার সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এবছর জাতীয় পর্যটন দিবসের মূল থিম হলো ‘ট্যুরিজম ফর ইনক্লুসিভ গ্রোথ’।

অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী আরও বলেন, রাজ্যে পর্যটন শিল্পের বিকাশে ধর্মীয় পর্যটন ও অ্যাডভেঞ্চার ট্যুরিজমের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির, জম্পুইহিল, নীরমহল, ছবিমুড়া, ডম্বুর, ঊনকোটি পর্যটন কেন্দ্রকে বিশ্বের দরবারে তুলে ধরার উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, গত ৫ বছরে দেশের ও বহিঃদেশের ২৬ লক্ষের উপর পর্যটক রাজ্যে এসেছেন। গত ৫ বছরে ৩১ কোটি টাকার উপর রাজস্ব আদায় হয়েছে। পর্যটন মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পর্যটনকে বিকল্প কর্মসংস্থানের অন্যতম উৎস হিসেবে অভিহিত করেছেন। রাজ্যের বিভিন্ন পর্যটন কেন্দ্রগুলির পরিকাঠামো উন্নয়নে যেসব উদ্যোগ নেওয়া হয়েছে তা আগামী দু’বছরের মধ্যে সম্পন্ন হবে। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার গোমতী জেলার বনদুয়ারে শক্তিপীঠ পার্কের জন্য ৯৭.৭ কোটি টাকা অনুমোদন দিয়েছে। তিনি বলেন, রাজ্যের পর্যটনের প্রচার ও প্রসারে প্রকৌশলীদের যেমন গুরুত্ব রয়েছে তেমনি ট্যুর অপারেটরদেরও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

*****২য় পাতায়

অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের মেয়র ও বিধায়ক দীপক মজুমদার বলেন, রাজ্য সরকার দেশের ও বহিঃবিশ্বের পর্যটকদের আকৃষ্ট করার জন্য পর্যটন কেন্দ্রগুলিকে সাজিয়ে তোলার উদ্যোগ নিয়েছে। রাজ্যে দিন দিন পর্যটকদের আগমন বৃদ্ধি পাচ্ছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ইন্ডিয়ান বিল্ডিং কংগ্রেসের জাতীয় সভাপতি চিন্ময় দেবনাথ। স্বাগত বক্তব্য রাখেন পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা। উপস্থিত ছিলেন পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগী, উপঅধিকর্তা সুশীল কুমার রিয়াং সহ বিশিষ্ট জনেরা। ধন্যবাদ জ্ঞাপন করেন ইন্ডিয়ান বিল্ডিং কংগ্রেস ত্রিপুরা শাখার সভাপতি ইঞ্জিনীয়ার শ্যামলাল ভৌমিক। সভাপতিত্ব করেন নগর উন্নয়ন দপ্তরের প্রাক্তন অধিকর্তা রঞ্জিত মজুমদার। অনুষ্ঠানে মন্ত্রী সহ অতিথিগণ ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগম লিমিটেড ও পর্যটন দপ্তরের বেস্ট ১০ জন অফিসিয়ালকে এবং ক্যানভাস পেইন্টিং-এ ১ম, ২য় এবং ৩য় স্থানাধিকারীকে স্মারক ও শংসাপত্র দিয়ে সংবর্ধনা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে পর্যটনের উপর একটি ভিডিও শো প্রদর্শিত হয়।

******